দৈনিক সংবাদ

তারিখ 27 AUG 199[illegible]
পৃষ্ঠা ৫ কলাম ৫

### মানসম্মত শিক্ষার জন্য আরো দু'লাখ শিক্ষক প্রয়োজন

# প্রাথমিক শিক্ষার স্তর ৮ম শ্রেণী পর্যন্ত করার সুপারিশ

॥ হাসিবুর রহমান বিলু ॥

দেশে মানসম্মত প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করতে আরো প্রায় ২ লাখ শিক্ষক প্রয়োজন।

জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি তাদের প্রতিবেদনে সরকারি ও বেসরকারি প্রাথমিক শিক্ষাকে মানসম্মত করতে যে সুপারিশ করেছে তাতে বলা হয়েছে, ৩৫ জন শিক্ষার্থীকে প্রাথমিক শিক্ষা দেবার জন্য ১ জন করে শিক্ষক প্রয়োজন, এখন দেশে গড়ে ৬১ জন ছাত্র-ছাত্রীকে দায়সারাভাবে শিক্ষা দেন ১ জন শিক্ষক।

সরকারি একটি সূত্র জানিয়েছে, দেশে ৬৪ হাজার ৪শ' ৫৪টি সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে এখন যে প্রায় ১ কোটি ৬২ লাখ ৯৪ হাজার ৫শ' ৫৬ ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। তাদের মানসম্মত শিক্ষা দেবার জন্য প্রয়োজন ৪ লাখ ৬৫ হাজার ৬শ' ৭৩ জন শিক্ষক। এখন সেখানে শিক্ষক আছে ২ লাখ ৬৭ হাজার ৭শ' ৮৩ জন। কিন্তু মানসম্মত শিক্ষা দেবার জন্য প্রয়োজন আরো ১ লাখ ৯৭ হাজার ৮শ' ৯০ জন শিক্ষক।

ব্যানবেইস '৯৭ সালে শিক্ষা বিষয়ক যে পরিসংখ্যান প্রকাশ করেছে, তাতে বলা হয়েছে দেশে এখন ৩৭ হাজার ৭শ' ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া করছে এমন ১ কোটি ১৭ লাখ ৬০ হাজার ৯০ জন ছাত্রছাত্রীকে শিক্ষা দিচ্ছে ১ লাখ ৬১ হাজার ৪শ' ৫৮ জন শিক্ষক, অর্থাৎ সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে ১ জন শিক্ষক এখন লেখাপড়া শিখাচ্ছে গড়ে ৭৩ জন ছাত্র-ছাত্রীকে।

ঐ প্রতিবেদনে আরো বলা হয়েছে দেশে ২৬ হাজার ৭শ' ৪৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া করছে এমন ৪৫ লাখ ৩৮ হাজার ৪শ' ৯৭ জনকে লেখাপড়া শেখাচ্ছেন ১ লাখ ৬ হাজার ৩শ' ২৫ জন শিক্ষক অর্থাৎ ১ জন শিক্ষক লেখাপড়া শেখাচ্ছেন গড়ে ৪৩ জন ছাত্র-ছাত্রীকে।

জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে দেশে অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণীকক্ষ রয়েছে ৩টি করে। এ অবস্থার পরিবর্তন প্রয়োজন বলে প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তারা মনে করেন।